# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) বিভিন্ন বিষয় নিয়ে বিরোধী দলগুলির হৈ-হট্টগোলপূর্ণ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে রাজ্যসভা এবং লোকসভার নির্ধারিত কাজ-কর্ম স্থগিত ।

২) আসাম এবং ত্রিপুরার উন্নয়নের জন্য বিশেষ প্যাকেজের অধীনে ৪ হাজার ২শো ৫০ কোটি টাকা বন্টনে কেন্দ্রীয় মন্ত্রীসভার অনুমোদন ।

৩) আগামী ২০ সেপ্টেম্বর দিল্লী থেকে গৌহাটি হয়ে শিলচর পর্যন্ত ইন্ডিগো বিমান সেবা পুনরায় আরম্ভ ।

এবং

৪) কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাডকারীর এবছরের শেষের দিকে ভারতের পরিবহন ও আনুসাঙ্গিক ব্যায় ৯ শতাংশ হ্রাস পাবে বলে আস্থা প্রকাশ ।

---

বিভিন্ন বিষয় নিয়ে বিরোধী দলগুলির হৈ-হট্টগোল পরিস্থিতির পরিপ্রেক্ষিতে রাজ্যসভার নির্ধারিত কাজ-কর্ম আজকের দিনের জন্য স্থগিত রাখা হয় । দিনের শুরুতে প্রথমবারের জন্য সভা স্থগিত রাখার পর দুপুর ১২টায় সভার কাজ-কর্ম পুনরায় শুরু হলে বিহারের নির্বাচনী তালিকার পর্যবেক্ষণ সম্পর্কে আলোচনার দাবীতে বিরোধী দলের সদস্যরা পুনরায় সভায় শ্লোগান দিতে শুরু করেন । সভার শূন্যকালের কাজ-কর্ম শুরু করার চেষ্টা করা হলেও বিরোধী দলগুলির চিৎকারের জন্য রাজ্যসভার সভাপতি সভার কাজ-কর্ম সম্পূর্ণ দিনের জন্য স্থগিত রাখার কথা ঘোষণা করেন ।

এর আগে আজ সকালে সভার শুরুতে ভারত ছাড়ো আন্দোলনের স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধ্যার্ঘ অর্পন করা হয় । রাজ্যসভার উপ-সভাপতি হরিবংশ নারায়ন সিং বলেন যে আগামীকাল ঐতিহাসিক ভারত ছাড়ো আন্দোলনের ৮৩ বছর সম্পূর্ণ হবে । উল্লেখ্য ,১৯শো ৪২ সালে মহাত্মা গান্ধীর আরম্ভ করা এই আন্দোলন ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের সমাপ্তি ঘটাতে একটি নির্ণায়ক এবং শক্তিশালী ভূমিকা পালন করেছিল ।

এদিকে অনুরূপ পরিস্থিতি সৃষ্টি হওয়ার পরিপ্রেক্ষিতে লোকসভার কাজ-কর্মও আজ প্রথম দুপুর ১২টা পর্যন্ত এবং পরে বিকেল ৩টা পর্যন্ত স্থগিত রাখা হয় ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রীসভা আসাম ও ত্রিপুরার উন্নয়নের লক্ষে বিশেষ প্যাকেজের অধীনে ৪ হাজার ২৫০ কোটি টাকা প্রদানে অনুমোদন দিয়েছে ।রাজ্যের আদিবাসী বসতি প্রধান গ্রামগুলির উন্নয়নের জন্য মন্ত্রীসভা ৫০০ কোটি টাকার প্যাকেজ ঘোষনা করেছে । একইভাবে আলফা ও সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী রাজ্যের উন্নয়নের জন্য ৩ হাজার কোটি টাকার প্যাকেজে মন্ত্রীসভা অনুমোদন দিয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে আজ অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বেঠকের সিদ্ধান্তগুলি সাংবাদিকদের জানান ।তিনি বলেন যে ডিমা হাসাও জেলার উন্নয়নের জন্য পৃথকভাবে ৫০০ কোটি টাকার প্যাকেজ ঘোষনা করা হয়েছে । ত্রিপুরার জন্য ও কেন্দ্রীয় সরকার বিশেষ তহবিলের অধীনে ২৫০ কোটি টাকা প্রদান করেছে । শ্রী বৈষ্ণ বলেন-- (বাইট)

কেন্দ্রীয় মন্ত্রীসভা প্রধানমন্ত্রী উজলা যোজনার হিতাধিকারীদের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ১২ হাজার কোটি টাকা সরকারী সাহায্য প্রদানে অনুমোদন দিয়েছে ।মন্ত্রী বলেন যে এই প্রকল্পের আধীনে ১০ কোটি ৩৩ লক্ষের ও বেশী পরিবার উপকৃত হয়েছে ।সরকারী ক্ষেত্রের তেল কোম্পানীগুলিকে মন্ত্রীসভা ৩০ হাজার কোটি টাকার ক্ষতিপূরণে অনুমোদন দিয়েছে বলে মন্ত্রী শ্রী বৈষ্ণ জানান ।তিনটি সরকারী ক্ষেত্রের তেল বিপনন কোম্পানী আই অ সি এল , বি পি সি এল ও এইচ পি সি এলকে এই অর্থ প্রদান করা হবে ।এছাড়া কারিগরি শিক্ষার ক্ষেত্রে বহুমুখী শিক্ষা ও গবেষণা প্রক্রিয়া উন্নত করার জন্য ৪ হাজার ২০০ কোটি টাকা প্রদানে মন্ত্রীসভা অনুমোদন দিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আগামী ২০ সেপ্টেম্বর দিল্লী থেকে গৌহাটি হয়ে শিলচর পর্যন্ত ইন্ডিগো বিমান সেবা পুনরায় আরম্ভ হবে । বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই এই খবর

জানিয়ে বলেছেন যে বরাক উপত্যকার যাত্রীরা কম সংখ্যক বিমান এবং মাত্রাতিরুক্ত ভাড়ার জন্য দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন ফলে ইন্ডিগো বিমান সেবা পুনরায় শুরু হলে এই উপত্যকার জনসাধারণ বিশেষভাবে উপকৃত হবেন । নির্ধারিত সময়সূচি অনুসারে ইন্ডিগো বিমানটি দিল্লী থেকে ভোর ৪টা ৪৫ মিনিটে গৌহাটি পৌছে সেখান থেকে পুনরায় যাত্রা শুরু করে সকাল ৭টা ৪০ মিনিটে শিলচর এসে পৌছবে । এর পর শিলচর থেকে সকাল ৯টা ২০ মিনিটে পুনরায় গৌহাটির উদ্দেশ্যে রওয়ানা দেবে । এই বিমানটি প্রতিদিন দিল্লী থেকে শিলচরের মধ্যে চলাচল করবে ।

---

রাজ্যের আঙ্গনওয়াড়ি সহায়িকাদের আঙ্গনওয়াড়ি কর্মীদের পদোন্নতি দেওয়ার ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৪৫ থেকে ৫০ বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে গতকাল রাত লোকসেবা ভবণে আনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার এক বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা সাংবাদিকদের বলেন যে এই সিদ্ধান্ত গ্রহণ করার ফলে আসামের বহু সংখ্যক আঙ্গনওয়াড়ি সহায়িকা উপকৃত হবেন । মন্ত্রীসভা শিল্পায়নের ক্ষেত্রে ৮শো ২৫ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাবেও অনুমোদন জানিয়েছে । এছাড়া দ্বিতীয় এডভান্টেজ আসামে সাক্ষরিত ৪টি সমঝোতা চুক্তিতেও মন্ত্রীসভা অনুমোদন দিয়েছে বলে তিনি উল্লেখ করেন । মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ে সরকারী কার্যালয় এবং স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকে জমি প্রদান করার বিষয়টিও প্রায় সম্পূর্ণতা লাভ করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী মন্ত্রীসভা প্রায় ৩৬ হাজার এধরণের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে বলে সাংবাদিকদের জানান । তিনি জানান যে এর ফলে ৩৬ হাজার স্কুল , কলেজ , নামঘর এবং সরকারী প্রতিষ্ঠান জমি লাভ করার ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হয়েছে । ২০২৫ সালকে গ্রন্থ বর্ষ হিসেবে উদযাপন করার উদ্দেশ্যে মন্ত্রীসভার বৈঠকে কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এই অনুসারে ১ হাজার যুব লেখককে ২৫ হাজার টাকা করে এককালীন সহায়তা প্রদান , রাজ্য সরকারের কর্মচারীদের নভেম্বর মাসের বেতনের সঙ্গে বই ক্রয় করার জন্য অতিরিক্ত ১ হাজার টাকা প্রদান এবং গ্রন্থ বর্ষ উপলক্ষে ডক্টর ভূপেন হাজারিকার নামে রাজ্য সরকারের প্রকাশ করা একটি পুস্তক ১২ লক্ষ পরিবাররের মধ্যে বিতরণ করা সহ অন্যান্য কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

---

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাডকারী এবছরের শেষের দিকে ভারতের পরিবহন ও আনুসংগিক ব্যয় ৯ শতাংশে হ্রাস পাবে বলে আস্থা প্রকাশ করেছেন । নতুনদিল্লীতে আজ একটি ব্যাক্তিগত নিউজ চ্যানেলের উদ্যোগে অনুষ্ঠিত

এক সম্মলনে ভাষন দেবার সময় শ্রী গাডকারী দেশের পরিকাঠামো যথেষ্ট উন্নত হোয়ার জন্য এই ক্ষেত্রে আনুসংগিক ব্যয় হ্রাস হোয়া সম্ভব হয়েছে বলে তিনি জানান । শ্রীগাডকারী বলেন যে পরিবহণ ও আনুসংগিক ব্যয়ের এই হ্রাসের ফলে দেশের রপ্তানী ক্ষেত্রতে এক বৃহৎ গতি প্রদান করা হবে । যার ফলে রপ্তানী এক দশমিক পাঁচ গুণ বৃদ্ধি হোয়ার সম্ভাবনা রয়েছে । শ্রী গাডকারী বলেন যে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রের উন্নয়ন সরকারের বিশেষ অগ্রাধিকারের অর্ন্তগত । এই ক্ষেত্রের বৃদ্ধি মোট ঘরোয়া উৎপাদনে যথেষ্ট প্রেরণা যোগাবে বলে তিনি বলেন ।

---------------------------------------------------------------------------------------------

জনসাধারণকে দেশপ্রেমের চেতনায় উদ্বুদ্ধ করার জন্য সমগ্র দেশে আজ থেকে হর ঘর তিরংগা কার্যসূচী রুপায়ন শুরু হয়েছে । রাজ্যের বিভিন্ন স্থানে ও এই কার্যসূচী রুপায়ন হচ্ছে । রাজ্য সরকার হর ঘর তিরংগা কার্যসূচী প্রতিটি জেলায় সর্বস্তরে ব্যাপক উৎসাহ উদ্দীপনায় উদযাপনের জন্য জনসাধারণকে জাতীয় পতাকা ক্রয় করার ওপর বিশেষ গুরুত্ব প্রদান করছে ।

শ্রীভূমি জেলায় জাতীয় নগর জীবিকা মিশনের অধীন আত্ম সহায়ক গৌষ্ঠী যাদের কাপড় সেলাই করার দোকাল রয়েছে তারা হর ঘর তিরংগা কার্যসূচীর জন্য জাতীয় পতাকা তৈরী করে সরবরাহ করবে । শ্রীভূমির জেলা আয়ুক্ত সব বিভাগীয় প্রধানদের পতাকার প্রয়োজনীয়তা ১১ ই আগষ্টের মধ্যে জানাতে আহ্বান জানিয়েছেন যাতে আত্ম সহায়ক গোষ্ঠী থেকে সময়মতো জাতীয় পতাকা সরবরাহ করা যায় ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার খাদ্য ,গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের উদ্যোগে আজ শিলচরে উন্নয়নমূলক প্রকল্প সর্ম্পকে নায্য মূল্যের দোকান মালিক ও গ্রাম পঞ্চায়েত সমবায় সমিতির সদস্যদের নিয়ে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজকের সভায় মূখ্য অতিথির ভাষনে রাজ্যের খাদ্য , গ্রাহক পরিক্রমা এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই জানান যে আগামী পয়লা অক্টোবর থেকে রাজ্য সরকারের এই প্রকল্পের মাধ্যমে নায্য মূল্যের দোকানের সাহায্যে রেশন কার্ডধারীদের পাঁচ কিলোগ্রাম চালের সঙ্গে এক কিলো মুসুর ডাল , চিনি এবং লবন দেওয়া হবে । কাছাড় জেলায় এই প্রকল্পের মাধ্যমে তিন লক্ষ ৮৮ হাজার ৯শ ৯০ জন হিতাধিকারী উপকৃত হবেন । মন্ত্রী শ্রীরাই কোন নায্য মূল্যের দোকান মালিকের বিরুদ্ধে ৫০ থেকে ১০০ গ্রাম চাল কম দেওয়ার অভিযোগ উত্থাপন হলে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে বলে সর্তক করে দিয়েছেন । আজকের সভায় জেলা আয়ুক্ত মৃদুল

যাদব , তিন বিধায়ক দীপায়ন চক্রবর্তী , নীহার রঞ্জন দাস , খলিল উদ্দিন মজুমদার , বিজেপির জেলা সভাপতি রূপম সাহা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

আজ ২২ শে শ্রাবণ। বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা- সংগঠন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরকে আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে স্মরণ করে শ্রদ্ধা নিবেদন করেছে।

---------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় জয়নগর ভি এস এম ক্লাব টাইবেকারে ৪-২ গোলে মথুরাপুর বি এফ সি-দলককে পরাজিত করেছে ।

ধলাই বাম  নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় গুরুদয়ালপুর এফ সি দল , দর্মিখাল এফ সি-র বিরুদ্ধে খেলবে ।

---------------------------------------------------------------------------------